বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
কৃষি ভবন
৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা ঢাকা-১০০০
সার ব্যবস্থাপনা বিভাগ
www.badc.gov.bd

## বিষয় ঃ সদর দপ্তরের কর্মকর্তাদের সমন্বয়ে অডিট পর্যালোচনা সভার অগ্রগতি ও অন্যান্য বিষয়ে আলোচনা সংক্রান্ত অনুষ্ঠিত কার্যবিবরণী ।

সভাপতি ঃ জনাব ঝরনা বেগম, সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা), বিএডিসি, ঢাকা।
সভার তারিখ ও সময় ঃ ২৭/১১/২০১৮ তারিখ সকাল ১১.০০ ঘটিকা।

সভার স্থান ঃ সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা ) মহোদয়ের অফিস কক্ষ।
উপস্থিত কর্মকর্তাগণের (পরিশিষ্ট -ক) নাম ও পদবী (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নয়)

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতি ক্রমে মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা) সার ব্যবস্থাপনা বিভাগের অনিষ্পন্ন বানিজ্যিক অডিট আপত্তি সমূহ যেমন ঃ সংকলন, অগ্রিম ও সাধারণ অডিট আপত্তি সমূহ দ্রুত নিষ্পত্তি না হওয়ার কারণ এবং সার ব্যবস্থাপনা বিভাগ (সদর দপ্তর/মাঠ পর্যায়ের) সরেজমিন দপ্তর সমূহের সার্বিক চিত্র তুলে ধরে সভাকে অবহিত করেন।

আলোচ্য সূচি অনুসারে নিম্নে বর্ণনা দেয়া হলো।

### আলোচ্য সূচি- ১ ঃ অডিট সংক্রান্ত

(ক) ৯১তম অডিট পর্যালোচনা সভার অগ্রগতির বাস্তবায়নের লক্ষ্যে মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা) সভাকে অবহিত করেন যে, সংস্থার সূচনা লগ্ন হতে হালনাগাদ বানিজ্যিক অডিট আপত্তির সংকলনভুক্ত অনুচ্ছেদ সংখ্যা ৭২টি, অগ্রিম অনুচ্ছেদ সংখ্যা প্রায় ৪৯৭টি ও ও সাধারণ অডিট আপত্তির অনুচ্ছেদ সংখ্যা প্রায় ১৯৭৮টি। বানিজ্যিক অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষন করে সভাকে অবহিত করা হয়, ১৯90 দশকে সার উইংয়ের কার্যক্রম সম্পূর্ণ ভাবে বন্ধ হয়ে যাওয়ার ফলে অডিট সংক্রান্ত তথ্য উপাত্ত ও প্রয়োজনীয় নথিপত্রসমূহ খুজে পাওয়া যাচ্ছে না। সে কারণে বস্তুনিষ্ট জবাব না দেওয়ার কারণে অনেক অডিট আপত্তি নিষ্পত্তি হচ্ছে না। ইতোমধ্যে যুগ্মপরিচালক (সার) বরিশাল দপ্তরের সংকলনভুক্ত ৪টি ও সিলেট দপ্তরের ২টি অনুচ্ছেদের টাকা জমা প্রদানের প্রমাণকসহ পুনঃজবাব দেওয়া হয়েছে। এছাড়া সরেজমিন দপ্তরসমূহের ৭৪টি সাধারণ অনুচ্ছেদের কার্যপত্র/ব্রডশীট জবাব ও ৯টি অগ্রিম অনুচ্ছেদের পুনঃব্রডশীট জবাব অডিট বিভাগে প্রেরণ করা হয়েছে। এছাড়াও যুগ্মপরিচালক (সার) খুলনা দপ্তরের ৩০টি অনুচ্ছেদের নিষ্পত্তির জারীপত্র পাওয়া গিয়েছে। সভাপতি মহোদয় সরেজমিন দপ্তরসহ সকল দপ্তরের বানিজ্যিক অডিট আপত্তি নিষ্পত্তির দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ করেন।

(খ) বাংলাদেশ রেলওয়ের সাথে বিএডিসি'র দেনা-পাওনা ও সংস্থার সূচনা লগ্ন হতে হালনাগাদ সাল পর্যন্ত বাংলাদেশ রেলওয়ে কর্তৃক বিএডিসির সার পরিবহনকালে বানিজ্যিক অডিট কর্তৃক উত্থাপিত অডিট আপত্তির তালিকা ও অডিট আপত্তি ব্যতীত রেলপরিবহনে সার ঘাটতি বাবদ রেলওয়ের নিকট সংস্থার পাওনার তালিকা এবং অডিট আপত্তির তালিকা দাবীনামার অনুলিপিসহ প্রেরণের জন্য অত্র দপ্তরের স্মারক নং ৭৪৫ তারিখ ঃ ১৭/০৪/২০১৮ এবং স্মারক নং ৯১৪ তারিখঃ ২২/১১/২০১৮ইং মোতাবেক সদর দপ্তর/ মাঠ পর্যায়ের সকল যুগ্মপরিচালক গণকে পত্র লেখা হয়েছে কিন্তু যুগ্মপরিচালক (সার) জামালপুর, ময়মনসিংহ, বগুড়া, রংপুর, খুলনা, কিশোরগঞ্জ, রাজশাহীও চট্টগ্রাম দপ্তর হতে তালিকা পাওয়া গিয়েছে। এছাড়া বাকী দপ্তর হতে যে সকল তালিকা পাওয়া গিয়েছে উক্ত তালিকাসমূহ অসম্পূর্ণ ও তথ্যের ঘাটতি রয়েছে, দাবীনামার অনুলিপিসহ তথ্যভিত্তিক তালিকা প্রেরণের জন্য যুগ্মপরিচালক (সার) গণকে তাগিদ দেয়া হয়েছে।

(গ) ১৯৭২ সন হতে ২০১৬ সাল পর্যন্ত সার ব্যবস্থাপনা বিভাগের সরেজমিন দপ্তরের অভ্যন্তরীন অডিট আপত্তির সংখ্যা ৯২১টি। এখনো যুগ্মপরিচালক (সার) ঢাকা, কিশোরগঞ্জ, নোয়াখালী, কুষ্টিয়া ও বরিশাল দপ্তর হতে তথ্য পাওয়া যায়নি। যুগ্মপরিচালক (সার) খুলনা দপ্তরের ৯টি অনুচ্ছেদের উপর মিটিং হয়েছে এবং ফরিদপুর ও চট্টগ্রাম দপ্তরের ৬টি অনুচ্ছেদ নিষ্পত্তি হয়েছে। অভ্যন্তরীন অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে অত্র সংস্থার অডিট বিভাগ সভা আহবান করে আপত্তি নিষ্পত্তির উদ্যোগ গ্রহন করবেন।

বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

১। ১৯৭২-৭৩ সন হতে ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা পর্যন্ত বানিজ্যিক অডিটের সংকলন, অগ্রিম ও সাধারণ অনুচ্ছেদের তালিকা ও ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) হাজার টাকা পর্যন্ত অবলোপনযোগ্য বানিজ্যিক অডিট আপত্তির তালিকা তৈরি করতে হবে এবং সে মোতাবেক অডিট আপত্তি নিষ্পত্তির কার্যকরী ব্যবস্থা গ্রহনের জন্য সকলকে জোর তাগিদ প্রদান করতে হবে।

২। ২০০৬-০৭ সন হতে ২০১৮ পর্যন্ত অর্থাৎ নতুন উত্থাপিত আপত্তিসমূহের বস্তুনিষ্ট ব্রডশীট জবাব প্রদানের তাগিদ প্রদানসহ অন্যান্য বানিজ্যিক অডিট আপত্তির বিষয়ে ১৫(পনের) দিন পর পর তাগিদ প্রদান করতে হবে। যুগ্মপরিচালক (সার) দপ্তর জবাব প্রদান না করলে ব্যবস্থা গ্রহন করতে হবে এবং কোন দপ্তরে যাতে অডিট আপত্তি উত্থাপিত না হয় সে দিকে সংশ্লিষ্টদের সতর্ক থাকতে হবে।

৩। রেল মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক রেলপরিবহনে পরিবহনে সার ঘাটতির হালনাগাদ অডিট আপত্তির তালিকা ও অডিট আপত্তি ব্যতীত রেলওয়ের নিকট সংস্থার পাওনার তালিকা/চাহিত তথ্যসহ দ্রুত সদর দপ্তরে প্রেরণের জন্য যুগ্ম পরিচালক (সার) গনকে তাগিদ প্রদান করতে হবে।

সভায় সক্রিয় অংশগ্রহন করায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানানো হয় এবং আগামীতে বিএডিসিকে একটি স্বয়ংসম্পূর্ণ প্রতিষ্ঠানে পরিণত করতে সকলের প্রতি অনুরোধ জানানো হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।


(ঝরনা বেগম)
সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা)
সার ব্যবস্থাপনা উইং
বিএডিসি, ঢাকা।
ফোন : ৯৫৬৪৩৭০
(mail : mdfertilizer@ badc.gov.bd


স্মারক নং-১২.০৬.০০০০.২৪৫.০১.০০৬.২০১৮. ৫৪৬ তারিখ: ২৭ নভেম্বর ২০১৮

অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ( জৈষ্ঠ্যতার ভিত্তিতে নয়)

১। যুগ্মপরিচালক (সার), বিএডিসি,..................(সকল) ।
২। নিয়ন্ত্রক (অডিট),বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক (বিএডিসি'র বিদ্যমান সার গুদামসমূহের রক্ষনাবেক্ষণ পূনর্বাসন এবং সার ব্যবস্থাপনা জোরদারকরণ প্রকল্প), বিএডিসি, ঢাকা।
৪। ব্যবস্থাপক (পরিবহন /বিক্রয়/ সংরক্ষণ),সার ব্যবস্থাপনা বিভাগ, বিএডিসি, ঢাকা।
৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা। (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬। উপব্যবস্থাপক (পরিবহন/বিক্রয়/ সংরক্ষণ),সার ব্যবস্থাপনা বিভাগ, বিএডিসি, ঢাকা।
৭। সহকারী নিয়ন্ত্রক (অওহি), সার ব্যবস্থাপনা বিভাগ, বিএডিসি, ঢাকা।
৮। জনাব সেলিনা খাতুন, সহকারী নিয়ন্ত্রক, অডিট বিভাগ, বিএডিসি, ঢাকা।
৯। হিসাব রক্ষণ কর্মকর্তা, সার ব্যবস্থাপনা বিভাগ, বিএডিসি, ঢাকা।
১০। সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
১১। প্রোগ্রামার (আইসিটি সেল), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা। (ওয়েবসাইটে প্রচারের জন্য)
১২। অফিস কপি।


(আশুতোষ লাহিড়ী)
মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)
বিএডিসি, ঢাকা।
ফোন: ৯৫৫ ৪০১৬